



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরী কমিশনের ইনোভেশন টিমের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উন্নাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ১ম সভার কার্যরিচারণীঃ

সভাপতি	প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর সদস্য ও আহ্বায়ক, ইনোভেশন টিম, ইউজিসি
সভার তারিখ	১২/০৯/২০২১ খ্রি।
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	সভা কক্ষ (৬ষ্ঠ তলা), ইউজিসি ভবন, ঢাকা।
উপস্থিতি	পতাকা 'ক'

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিতি সকলকে স্বাগত জানান এবং সভায় সকলে উপস্থিতি হওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভার কার্যক্রম শুরু করার জন্য কমিশনের ইনোভেশন টিমের সদস্য-সচিব ও ফোকাল-পয়েন্ট এবং সিনিয়র সহকারী পরিচালক জনাব রবিউল ইসলামকে নির্দেশ প্রদান করেন।

সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, ই-গভর্ন্যান্স ও উন্নাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এ ৫০ নম্বরের কার্যক্রম রয়েছে যার কর্মসম্পাদন সূচক, একক, মান ও লক্ষ্যমাত্রা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত। কর্মপরিকল্পনায় বর্ণিত সকল কার্যক্রম বাস্তবায়িত হলে ৫০ নম্বর অর্থ্যাং ১০০% কাজ সম্পন্ন হবে এবং এই ৫০ নম্বর অর্জনের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে ওয়েটেজ যুক্ত হবে ১০ নম্বর। সুতরাং প্রতিটি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা আবশ্যিক। তিনি সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিশনের ই-গভর্ন্যান্স ও উন্নাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের সম্ভাব্য খসড়া ক্যালেন্ডার উপস্থাপন করেন।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনা শেষে উপস্থিতি সকল সদস্যের সম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) ই-গভর্ন্যান্স ও উন্নাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের সম্ভাব্য ক্যালেন্ডার (**পতাকা 'খ'**) অনুযায়ী কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, উন্নাবন, সেবা সহজীকরণ ও ডিজিটালাইজড করার জন্য নতুন আইডিয়া ইনোভেশন টিমের নিকট প্রেরণের লক্ষ্যে কমিশনের প্রত্যেক বিভাগকে পত্র দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

খ) কমিশনের যে বিভাগসমূহ ৮০% এর অধিক সংখ্যাক ই-নথি নিষ্পত্তি করবেন সেসব বিভাগের মধ্য থেকে এক বা একাধিক বিভাগকে সফলতার স্বীকৃতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) ৪৮ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা দেশের ৫টি অঞ্চলে (খুলনা, সিলেট, চট্টগ্রাম, রাজশাহী ও ঢাকা) আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিটি অঞ্চলে ০১টি বিশ্ববিদ্যালয়ের ৩জন করে প্রতিনিধি (উপাচার্য/উপযুক্ত প্রতিনিধি, ইনোভেশন টিমের আহ্বায়ক/ইনোভেশন অফিসার ও ইনোভেশন ফোকাল-পয়েন্ট কর্মকর্তা) এবং কমিশনের ৩(তিনি) জন কর্মকর্তাসহ সর্বোচ্চ মোট ৩০(ত্রিশ) জন অংশগ্রহণকারীর সমন্বয়ে কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, ১ম কর্মশালাটি খুলনা বিশ্ববিদ্যালয়ে আগামী ২৩ অক্টোবর ২০২১ তারিখে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) কমিশনের তথ্য বাতায়নের সকল সেবা বক্ত্বা হালনাগাদ এবং বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি প্রকাশ করে আগামী ২৩ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে কমিশনের ইনোভেশন টিম এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিশনের আইএমসিটি বিভাগের সংশ্লিষ্ট শাখা থেকে প্রতিবেদনের ফরম্যাট প্রস্তুত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঙ) ২০২১-২২ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উন্নাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৬(ছয়) টি প্রশিক্ষণ ইউজিসি ও বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। ১ম প্রশিক্ষণটি আগামী ২৮-২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখ কমিশন ভবনে

কমিশনের প্রতিটি বিভাগ থেকে ২(দুই) জন করে ২০ জন কর্মকর্তা ও ইনোভেশন টিমের ৬জন সদস্যসহ মোট ২৬ জন কর্মকর্তাদের নিয়ে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

চ) এপিএ চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২০২২ মোতাবেক ই-গভর্ন্যান্স এ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নূন্যতম একটি বাস্তবায়িত উন্নাবনী উদ্যোগ পরিদর্শন/বিদেশে অভিজ্ঞতা অর্জনের জন্য শিক্ষা ও অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি, কমিশনের ইনোভেশন টিমের সদস্য ও কমিশন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কর্মকর্তাদের সমন্বয়ে সর্বোচ্চ ২৫ (পঞ্চিশ) সদস্যের একটি প্রতিনিধি দল সিঙ্গাপুর/থাইল্যান্ড ২০২২ সালের মার্চ' মাসে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি: পতাকা 'ক'।

প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর
সদস্য ও আহ্বায়ক, ইনোভেশন টিম, ইউজিসি

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৫৫.৫৬.০০২.২১.৯৮

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮
১৩ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নথি):

- ১) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উন্নাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) উপ-পরিচালক/ সিস্টেম এনালিস্ট, ইনফরমেশন ম্যানেজমেন্ট শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশন (কমিশনের ওয়েবসাইটের ইনোভেশন সেবা বক্সে আপলোডের অনুরোধ করা হলো)
- ৩) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশন
- ৪) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশন
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশন
- ৭) নথি, ইউজিসি
- ৮) মহানথি, ইউজিসি

রবিউল ইসলাম
সিনিয়র সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)